NEW YORK STATE | Secure Choice Savings Program

# আপনার কর্মীদের নিউ ইয়র্ক সিকিউর চয়েসের সাথে আর্থিক সুরক্ষা নিশ্চিত করতে সহায়তা করুন



## নিউ ইয়র্ক স্টেট সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম আপনার কর্মচারীদের ভবিষ্যতের জন্য সঞ্চয় করতে সহায়তা করার একটি সহজ উপায়

অবসরের জন্য সঞ্চয় করা চ্যালেঞ্জিং হতে পারে - বিশেষত এমন কর্মীদের জন্য যাদের তাদের কর্মক্ষেত্রের মাধ্যমে অবসরকালীন পরিকল্পনার অ্যাক্সেস নেই।

নিউ ইয়র্ক সিকিউর চয়েস অবসর সঞ্চয়ের অ্যাক্সেস সম্প্রসারিত করতে সহায়তা করে এবং নিয়োগকর্তাদের তাদের কর্মচারীদের সঞ্চয় শুরু করতে সহায়তা করা সহজ করে তোলে।

## নিউ ইয়র্ক সিকিউর চয়েস কী?

নিউ ইয়র্ক সিকিউর চয়েস হলো বেসরকারী খাতের কর্মচারীদের জন্য একটি নতুন অবসরকালীন সঞ্চয় প্রোগ্রাম যাদের কর্মক্ষেত্রে অবসর পরিকল্পনার অ্যাক্সেস নেই। স্বয়ংক্রিয় তালিকাভুক্তি এবং বেতন ছাড়ের মাধ্যমে, আপনি আপনার কর্মচারীদের তাদের নিজস্ব Roth IRAs-তে সঞ্চয় করতে সহায়তা করতে পারেন। শুরু করা একেবারেই সহজ ও দ্রুত এবং নিয়োগকর্তাদের সুবিধার্থে বিনামূল্যে।

আপনি যদি এমন একজন নিয়োগকর্তা হন যাকে এই কর্মসূচি বাস্তবায়ন করতে হবে, তাহলে নিউ ইয়র্ক সিকিউর চয়েস আপনাকে নিবন্ধনের সময় হলে জানাবে। আপনাকে অবশ্যই নিবন্ধন করতে হবে এবং প্রোগ্রামটি বাস্তবায়ন করতে হবে যদি আপনার:

- 10 বা ততোধিক কর্মচারী থাকে
- একটি যোগ্য অবসরকালীন পরিকল্পনা প্রদান না করেন
- কমপক্ষে দুই বছর ধরে ব্যবসা করেন

## কিভাবে আপনার ব্যবসা নিউ ইয়র্ক সিকিউর চয়েস থেকে উপকৃত হতে পারে

- এটি **বিনামূল্যে** বাস্তবায়ন করা যাবে।
- এটি **সেট আপ করা** সহজ। এখানে কোনো জটিল প্রশাসনিক কাজ নেই এবং চলমান দায়িত্বও খুব কম।
- অনেক বেতন প্রদানকারীর সাথে **সহজ ইন্টিগ্রেশন** রয়েছে, যাতে আপনি আপনার ব্যবসায়ের দিকে মনোনিবেশ করতে পারেন।
- কর্মীদের **আকৃষ্ট** করা এবং ধরে রাখার এটি একটি মূল্যবান সুবিধা।
- আপনার অবদানের **সাথে মিল করার প্রয়োজন** নেই বা অনুমোদিত নয়।
- আপনার কোনো **বিশ্বস্ত দায়িত্ব নেই।**

আরো তথ্যের জন্য, দেখুন www.NewYorkSecureChoice.com

**NEW YORK STATE** | **Secure Choice Savings Program**

## একজন নিয়োগকর্তা হিসেবে আপনার দায়িত্ব

1. **আপনার কোম্পানিকে www.NewYorkSecureChoice.com -এ নিবন্ধন করুন।** একবার আপনি আপনার অনন্য অ্যাক্সেস কোড পেয়ে গেলে, আপনি শুরু করার জন্য প্রস্তুত। আপনাকে কেবল আপনার কর্মচারী, বেতন প্রক্রিয়া এবং ব্যাংকিং তথ্য সম্পর্কে প্রাথমিক তথ্য সরবরাহ করতে হবে।
2. **আপনার কর্মচারীদের বেতনের অংশ প্রেরণ করুন।** বেতন ছাড় শুরু করুন এবং প্রোগ্রামে থাকতে পছন্দ করা কর্মচারীদের জন্য আর্থিক পরিমাণের তথ্য ও তহবিল জমা দিন। এমনকি এই প্রক্রিয়াটি সহজতর করতে আপনাকে সহায়তা করার জন্য আপনি একজন বেতন সংশ্লিষ্ট প্রতিনিধির সাহায্য নিতে পারেন।
3. **বেতনের অংশ প্রেরণ করা চালিয়ে যান এবং কর্মচারীর রেকর্ড বজায় রাখুন।** প্রত্যেক বেতনের সময়কালে আপনার বেতন জমা দিন এবং আপনার কর্মচারীদের বেতনের অংশ এবং আপনার কর্মীদের তালিকা আপ টু ডেট রাখুন।

---

অনলাইনে www.NewYorkSecureChoice.com/help এ সহায়ক রিসোর্স এবং সাধারণ প্রশ্নের উত্তরগুলো দেখুন।

## বেতন প্রদানকারীর সাথে কাজ করছেন?

www.NewYorkSecureChoice.com/payroll এ ইন্টিগ্রেশন সম্পর্কে আরো জানুন।

## আপনার কর্মীদের সঞ্চয় করতে সহায়তা করার একটি সহজ উপায়

- নিউ ইয়র্ক সিকিউর চয়েস একটি Roth IRA-তে স্বয়ংক্রিয় বেতনের অংশের মাধ্যমে সঞ্চয় করাটা সহজ করে তোলে।
- ডিফল্ট সঞ্চয়ের হার মোট বেতনের 3% যা আপনার কর্মচারীরা যেকোনো সময় সামঞ্জস্য করতে পারে।
- কর্মচারীদের অংশগ্রহণ স্বেচ্ছাসেবী। কর্মচারীগণ স্বয়ংক্রিয়ভাবে তালিকাভুক্ত থাকতে পারেন বা অপ্ট-আউট করতে পারেন এবং পরে পুনরায় তালিকাভুক্ত হতে পারেন।

---

নিউ ইয়র্ক স্টেট সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম ("নিউ ইয়র্ক সিকিউর চয়েস") একটি স্বয়ংক্রিয় তালিকাভুক্তি বেতন ছাড় অবসরকালীন সঞ্চয় প্রোগ্রাম যা নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ড ("বোর্ড ") কর্তৃক তত্বাবধান করা হয়। ভেস্টওয়েল স্টেট সেভিংস, এলএলসি ("ভেস্টওয়েল") হলো প্রোগ্রাম প্রশাসক। ভেস্টওয়েল এবং ব্যাংক অব নিউ ইয়র্ক প্রোগ্রামের দৈনন্দিন কার্যক্রম পরিচালনার দায়িত্বে আছেন। নিউ ইয়র্ক সিকিউর চয়েস ব্যবহার করা অংশগ্রহণকারীগণ তাদের Roth স্বতন্ত্র অবসর অ্যাকাউন্ট ("IRA") এর মালিক এবং নিয়ন্ত্রণকারী, যেমন- NewYorkSecureChoice.com এ নির্ধারিত প্রোগ্রাম অফারে সরবরাহ করা হয়েছে।

নিউ ইয়র্ক সিকিউর চয়েস বোর্ড কর্তৃক নির্বাচিত বিনিয়োগের বিকল্পগুলো সরবরাহ করে। নিউ ইয়র্ক সিকিউর চয়েস বিনিয়োগের বিকল্পগুলো সম্পর্কে আরো তথ্যের জন্য, NewYorkSecureChoice.com-এ যান। নিউ ইয়র্ক সিকিউর চয়েসে অ্যাকাউন্ট ব্যালেন্স বাজারের অবস্থার উপর ভিত্তি করে পরিবর্তিত হবে এবং বোর্ড , নিউ ইয়র্ক স্টেট, ফেডারেল ডিপোজিট ইন্স্যুরেন্স কর্পোরেশন ("FDIC") বা অন্য কোনো সংস্থা দ্বারা গ্যারান্টি দেওয়া বা বিমা করা হয় না।

নিউ ইয়র্ক সিকিউর চয়েস একটি সম্পূর্ণ স্বেচ্ছাসেবী অবসরকালীন প্রোগ্রাম। Roth IRA-এর মাধ্যমে অর্থ সঞ্চয় করা সকলের জন্য সম্ভব নাও হতে পারে। নিউ ইয়র্ক সিকিউর চয়েসের নিয়োগকর্তার সুবিধাটি আপনার নিয়োগকর্তা দ্বারা নিউ ইয়র্ক সিকিউর চয়েস, Roth IRAs বা প্রোগ্রামে প্রদত্ত বিনিয়োগের বিকল্পগুলোর দ্বারা অনুমোদন বা সুপারিশ হিসেবে বিবেচনা করা উচিত নয়। Roth IRA শুধু নিউ ইয়র্ক সিকিউর চয়েসের ক্ষেত্রেই সীমাবদ্ধ নয় এবং এই প্রোগ্রামের বাইরেও পাওয়া যেতে পারে এবং বেতন ছাড় ছাড়াই তাতে সঞ্চয় রাখা যায়। বেতন ছাড়ের মাধ্যমে নিউ ইয়র্ক সিকিউর চয়েস Roth IRA-তে সঞ্চয় রাখা কিছু ট্যাক্স সুবিধা এবং ফলাফল প্রদান করে। যাইহোক, সবাই Roth IRA-তে সঞ্চয় রাখার যোগ্য নয়।

ভেস্টওয়েল আইনি, আর্থিক, কর বা বিনিয়োগ বিষয়ক পরামর্শ দেয় না। প্রোগ্রামে অংশগ্রহণকারী বা বিনিয়োগ সম্পর্কিত কোনো সিদ্ধান্ত নেওয়ার আগে আপনার যদি কর বা বিনিয়োগ সম্পর্কিত প্রশ্ন থাকে তাহলে প্রোগ্রামে অংশগ্রহণকারীদেরকে তাদের নিজস্ব উপযুক্ত পেশাদার পরামর্শ পাওয়ার বিষয়টি বিবেচনা করা উচিত।

© 2025 New York State Secure Choice Savings Program